

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৭৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৪. যে লোক তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করে

بَاب مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبْرِهَا

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَحْيَى حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عِيسَى بْنِ حِطَّانَ عَنْ مُسْلِمِ بْنِ سَلَامٍ الْحَنْفِيِّ عَنْ عَلِيِّ بْنِ طَلْقٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَحْدَثَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلْيَنْصَرِفْ وَلْيَتَوَضَّأْ ثُمَّ يُصَلِّي وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَأْتُوا النِّسَاءَ فِي أَدْبَارِهِنَّ فَإِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ سِئْلَ عَبْدِ اللَّهِ عَلِيُّ بْنُ طَلْقٍ لَهُ صُحْبَةٌ قَالَ نَعَمْ

বাংলা

১১৭৫. আলী ইবনু তালক হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যদি তোমাদের কারো সালাতের মধ্যে ‘হাদাস’ (ওযু ভঙ্গ) হয়, তবে সে যেন ফিরে যায় এবং ওযু করে, তারপর (পূণরায়) সালাত আদায় করে।”

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেছেন: “তোমরা স্ত্রীলোকদের পশ্চাদ্দারে সঙ্গম করো না। আর আল্লাহ তা’আলা সত্য কথার (প্রকাশে) ব্যাপারে লজ্জা করেন না।” [1] আব্দুল্লাহকে জিজ্ঞেস করা হলো, আলী ইবনু তালক কি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের) ‘সুহবত’ (সঙ্গ) লাভ করেছিলেন? তিনি বললেন: হ্যাঁ।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। [তবে এ সনদকে শাইখ আলবানী ও আরনাউত্‌য যযীফ বলেছেন। তবে হাদীসটি সহীহ লিগয়রিহী। দেখুন, সুনানুত তিরমিযী, নং ১১৬৪ (আলবানীর তাহকীকে), আর ১১৯৮ (আরনাউত্‌যের তাহকীকে)। তবে হাদীসটির দু’টি অংশই পৃথক পৃথকভাবে সহীহ শাহিদ রয়েছে বিভিন্ন সাহাবী হতে যেমন তিরমিযী ও আরনাউত্‌য তাখরীজে বলেছেন।-অনুবাদক]

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাওয়ারিদুয যাম’আন নং ২০৩, ২০৪ ((আবু দাউদ ২০৫, ১০০৫;

দারুফুতনী ১/১৫৩; বাইহাকী ২/২৫৫; বাগাবী শারহুস সুন্নাহ ৩/২৭৭ নং ৭৫২; আব্দুর রাযযাক ১/১৩৯ নং ৫২৯; তাহাবী ৩/৪৫; আহমাদ ১/৮৬; তিরমিযী নং ১১৬৪, ১১৬৬। - মাওয়ারিদে মুহাক্কিকের টীকা হতে-
অনুবাদক)) ; সহীহ ইবনু হিব্বান নং ২২৩৭, ৪১৯৯, ৪২০১ এ।

এছাড়া দেখুন, মুসান্নাফ ইবনু আবী শাইবা ৪/২৫১; সুনানে বাইহাকী ৭/১৯৮; নাসাঈ, আল কুবরা নং ৯০২৩-৯০২৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলী বিন তুলক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81458>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন